# সেপ্টেম্বর/২০১৪ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ শাহজাহান ভূইয়া
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
তারিখ ঃ ৩০ সেপ্টেম্বর, ২০১৪।
সময় ঃ দুপুর ১২.০০ টা।
স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান।

উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি বিগত সভার কার্য বিবরনী পাঠ করে শুনান। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

| নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প প কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কমিউনিটি ক্লিনিকের কার্যক্রম জোরদার করার জন্য সভায় আলোচনা হয়। | কমিউনিটি ক্লিনিকে প্রতিদিন চিকিৎসক বসবেন এবং প্রত্যেক চিকিৎসক পালা ক্রমে সপ্তাহে দুইদিন করে কমিউনিটি ক্লিনিকে দায়িত্বপালনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা |
| ২ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান তাঁর দাপ্তরিক কাজ যথা নিয়মে চলছে। | কর্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানান। | উপজেলা প.প. কর্মকর্তা |
| ৩ | উপজেলা প্রকৌশলী | পরিশিষ্ট "ক" তে সংযুক্ত | | |
| ৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, উপজেলা ট্রেনিং সেন্টার নির্মাণ কাজের টেন্ডার হয়েছে, আগামী ডিসেম্বর মাসে কাজ শুরু হবে। ১৫০০ হেক্টর জমিতে রোপা আমনের চাষ হয়েছে এবং ১১০০ হেক্টর জমিতে সজির চাষ হয়েছে। | টেন্ডারকৃত ট্রেনিং সেন্টারের কাজ শুরু ত্বরান্বিত করার জন্য যথাযথ কর্তৃপক্ষের সাথে যোগাযোগ রক্ষা করার জন্য কৃষি অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৫ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, তাঁর দাপ্তরিক কাজ যথা নিয়মে চলছে। ৫-১১ অক্টোবর ইলিশের প্রজনন মৌসুম, এ সময়ে ইলিশ মাছ ধরা, সংরক্ষণ ও বাজারজাত করা নিষেধ। এসময় যাতে কেউ বাজার জাত করতে না পারে সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানান। | নিয়মিত বাজার পরিদর্শনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা জন্য নির্দেশ প্রদান করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম যথাযথ চলছে। কোরবানীর পশুর হাটে প্রাণি সম্পদ দপ্তরের পর্যাপ্ত জনবল নিয়োজিত আছে। রূপগঞ্জ উপজেলায় মিটলেজ ডে হিসেবে ঘোষণা করা হয়েছে। কুকুর নিধনে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। | মিটলেজ ডে কার্যক্রম বিষয়ে জনগণকে অবহিত করতে | প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৭ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প কর্মকর্তা সভায় জানান যে, শারদীয় দূর্গোৎসব ২০১৪ উপলক্ষে ৪১টি পূজা মন্ডপ কমিটির জন্য ১৯.২৯৪ মে.টন চাল বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত চাল মাননীয় সংসদ সদস্য মহোদয়ের নির্দেশ মোতাবেক সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটির বরাবরে ছাড় করা হয়। পবিত্র ঈদউল আযহা উপলক্ষে অত্র উপজেলার ০৭টি ইউনিয়নে ১৪,১১৯ টি দুঃস্থ পরিবারের মধ্যে ১৪১.১৯০ মে. টন চাল ভিজিএফ কর্মসূচীর আওতায় মাননীয় সংসদ সদস্য মহোদয়ের পরামর্শ মোতাবেক বিতরন করা হয়। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | নীতিমালা অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৮ | শিক্ষা | উপজেলা শিক্ষা অফিসারের প্রতিনিধি জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম যথাযথ চলছে। | এধারা অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ৯ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, তাঁর | মাল্টিমিডিয়া ক্লাস রুমের | উপজেলা মাধ্যমিক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | দপ্তরের কার্যক্রম যথাযথ চলছে। মাল্টিমিডিয়া ক্লাস রুমের উপর পর্যায়ক্রমিকভাবে ৫দিনের প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণ করার আলোচনা হয়। | উপর ৫দিনের প্রশিক্ষণ কর্যক্রম বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারেকে অনুরোধ জানানো হয়। | শিক্ষা অফিসার |
| ১০ | সমাজসেবা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান তাঁর দপ্তররের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। নীতিমালা অনুসারে প্রতিবন্ধীভাতা, বয়স্কভাতাসহ অন্যান্যভাতা কার্যক্রম যথাযথ চলছে। | এধারা অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাজসেবা কর্মকর্তা। |
| ১১ | যুব উন্নয়ন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবসে ৮ জনকে ঋণের চেক প্রদান করা হয়েছে। ঋণ আদায় শতভাগ সম্পন্ন হয়েছে এবং অন্যান্য কার্যক্রম যথাযথ চলছে। | এধারা অব্যহত রাখতে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা। |
| ১২ | মহিলা বিষয়ক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম যথাযথ চলছে। ২০১৫-১৬ অর্থ বছরের ভিজিডি কর্মসূচীর আওতায় রূপগঞ্জ উপজেলার ৭টি ইউনিয়নে বরাদ্দকৃত কার্ড বিভাজন অনুযায়ি মোট ৮১৭ টি কার্ড বরাদ্দ দেয়া হয়েছে। | বিভাজন অনুযায়ি নীতিমালা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৩ | বিআরডিবি | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা তাঁর দাপ্তরিক কাজ যথা নিয়মে চলছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি বলেন একটি বাড়ি একটি খামার সরকারের একটি গুরুত্বপূর্ণ প্রকল্প। একটি বাড়ি একটি খামার প্রকল্প অফিস বর্তমানে কোর্ট ভাবনে অবস্থিত। কোর্ট ভবনের কক্ষে প্রকল্পের আসবাবপত্র, কম্পিউটার, যন্ত্রপাতি ও যানবাহন রাখারমত স্থান সংকুলান নাই এবং নিরাপত্তার বেশ অভাব রয়েছে। আগামী ০১ জানুয়ারি, ২০১৫ এবাএখা প্রকল্পটি পল্লী সঞ্চয় ব্যাংক হিসেবে কার্যক্রম শুরু করবে। তিনি এবাএখা প্রকল্পের জন্য তিন কক্ষ বিশিষ্ট একটি অফিস বরাদ্দের অনুরোধ জানান। এছাড়া পল্লী ভবন নিরাপত্তা ঝুকিতে রয়েছে মর্মে সভায় উল্লেখ করেন। তিনি পল্লী ভবনে গ্রিল স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ জানান। | নতুন উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন চালু হলে প্রয়োজনীয় কক্ষ বরাদ্দ করা হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৪ | জনস্বাস্থ্য প্রকৌশল | -- | -- | -- |
| ১৫ | সমবায় | উপজেলা সমবায় কর্মকর্তা জানান তাঁর দাপ্তরিক কাজ যথাযথ চলছে। | এধারা অব্যহত রাখতে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৬ | খাদ্য | সদ্য যোগদানকারী উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। | এধারা অব্যহত রাখতে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৭ | বিবিধ | ১। উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের কার্যবলী সংক্রান্ত বিষয়ে উপজেলা পরিষদের সদস্যদের নিয়ে সহসাই দিন ব্যাপী একটি প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হবে।<br>২। উপজেলা পরিষদের স্থায়ী কমিটি গঠনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১।এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। ভাইস চেয়ারম্যানদ্বয় আলোচনা ক্রমে পরবর্তী মাসিক সভর পূর্বেই কমিটি গঠন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং সকলের সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

7/9/2014

(মোঃ শাহজাহান ভূইয়া)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

পরিশিষ্ট - 'ক'

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা/ কর্তৃপক্ষ |
| --- | --- | --- | --- | --- |
| ০১। | উপজেলা প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে,২০১৪-১৫ অর্থ বৎসরে ADP বরাদ্দ অদ্যাবধি না পাওয়ায় ADP এর আওতায় প্রকল্প গ্রহন করা সম্ভব হয় নাই । তিনি ২০১৪-১৫ অর্থ বৎসরের বাজেট মোতাবেক যোগাযোগ ও অবকাঠামো উন্নয়ন খাতে উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় বাস্তবায়নের জন্য প্যাকেজ ওয়ারী ৪,২৯,৩৬,৬১১.৩৭ টাকার প্রাক্কলন সহ স্কীম তালিকা উপস্থাপন করেন (সংযোজনী-ক)। | বিস্তারিত আলোচনান্তে প্যাকেজ ওয়ারী স্কীম সমূহ অনুমোদন দেওয়া হয় এবং উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা প্রকৌশলী |
| ০২। | উপজেলা প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী আগষ্ট/২০১৪ মাসের সাধারন সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় RFQ দুইটি স্কীমের ১৮-০৯-২০১৪ ইং তারিখে দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন । যাহা নিম্নরূপ ঃ<br>ক্রমিক নং — স্কীমের নাম — সর্বনিম্ন দরদাতা — দরপত্রমূল্য<br>১। মাছিমপুর উপজেলা চেয়ারম্যান বাড়ী রাস্তায় বক্স কালভার্ট কালভার্ট ও ইউ ড্রেন নির্মান — মেসার্স দেওয়ান ট্রেডিং — ৬,৫০,০০০/০০<br>২। রূপগঞ্জ থানার নিকট হইতে জেনারেল কে, এম, শফিউল্লাহর বাড়ী পর্যন্ত রাস্তা সিলকোট দ্বারা মেরামত । — মেসার্স ইমতিয়াজ এন্টারপ্রাইজ — ৬,৬২,০০০/০০ | বিস্তারিত আলোচনান্তে দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ অনুমোদিত হয় এবং সুপারিশ মোতাবেক সর্বনিম্ন দরদাতাদের অনুকূলে কার্যাদেশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা প্রকৌশলী |

30/07/14

সংযোজনী - 'ক'

২০১৪-২০১৫ ইং অর্থ বৎসরে উপজেলা উন্নয়ন তহবিল খাতের আওতায় গৃহীত স্কীমের তালিকা ।

| ক্রমিক নং | প্যাকেজ নং | স্কীমের নাম | প্রাক্কলিত মূল্য | বাস্তবায়ন পদ্ধতি |
|---|---|---|---|---|
| ০১। | রূপ/নাঃগঞ্জ/ইউ ডিএফ/ডব্লিউ-০১ | ডেমরা-কালিগঞ্জ টি সি রাস্তা হতে ঈদগাহ হইয়া আলেকের বাড়ী পর্যন্ত রাস্তা কার্পেটিং দ্বারা উন্নয়ন । | ৪০,০০,০০.০০ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি |
| ০২। | রূপ/নাঃগঞ্জ/ইউ ডিএফ/ডব্লিউ-০২ | (ক) ১। উপ শহর সংলগ্ন বাবুলের বাড়ী ও পার্শ্বে কালভার্ট নির্মান।<br>২। মনি ঋষি ও ভক্তবাড়ী সামজিক কবরস্থানের মাঝে ক্যানেলের উপর কালভার্ট নির্মান ।<br>৩।মিলন চৌধুরীরটেক সংলগ্ন ক্যানেলের উপর কালভার্ট নির্মান।<br>৪। ঋষিপাড়া সংলগ্ন ক্যানেলের উপর কালভার্ট নির্মান ।<br>(খ) ছনি কাচারীবাড়ী হতে বাগবেড় আগা গ্রামের রাস্তা সি সি দ্বারা উন্নয়ন ।<br>(গ) শীতলক্ষা নদীর হাবিব নগর ঋষিপাড়ায় ঘাটলা নির্মান । | ৫,০০,০০০.০০<br>৫,০০,০০০.০০<br>৫,০০,০০০.০০ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি |
| ০৩। | রূপ/নাঃগঞ্জ/ইউ ডিএফ/ডব্লিউ-০৩ | (ক) হাবিব নগর সমবন্ধু ঋষির বাড়ী হইতে আবু সাইদেও বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন ।<br>(খ) পিতলগঞ্জ রানী মেম্বারের বাড়ী হতে মনি ঋষির বাড়ী পর্যন্ত রাস্তা সি সি করন ।<br>(গ) ডেমরা-কালিগঞ্জ রাস্তা হতে নরি ঋষি রাস্তা সি সি করন । | ৫,৫০,০০০.০০<br>৩,৫০,০০০.০০<br>১১,৫০,০০০.০০ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি |
| ০৪। | রূপ/নাঃগঞ্জ/ইউ ডিএফ/ডব্লিউ-০৪ | (ক) মুক্তিযোদ্ধা কাইয়ুম এর বাড়ী হতে করাটিয়া উত্তরপাড়া রাস্তা এইচ বি বি করন ।<br>(খ) চারিতালুক রুহুলের বাড়ী শাখা নতুন রাস্তা পর্যন্ত এচ বি বি দ্বারা উন্নয়ন ।<br>(গ) কাঞ্চন -ভোলাব রাস্তার চেইঃ ৩৮০০-৪৩০০ মিঃ পর্যন্ত রাস্তা মেরামত ।<br>(ঘ) কালী বাড়ী হতে আদলা রাস্তা মেরামত ।<br>(ঙ) পূর্বেরগাঁও পাকা রাস্তা হইতে রফিকের বাড়ী পর্যন্ত সি সি দ্বারা উন্নয়ন । | ৩,৯৯,৯৭৭.৫৪<br>৩,৯৯,৫৮৪.৫৮<br>১৫,৬২,৯৩০.১৮<br>১৪,০৮,৬৭৪.৭৪<br>৪,০১,৫০৪.২০ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি |
| ০৫। | রূপ/নাঃগঞ্জ/ইউ ডিএফ/ডব্লিউ-০৫ | (ক) টি সি রাস্তা দাউদপুর ইউপি হতে হাফাজ খানের বাড়ী ভায়া হেলাল মেম্বারের বাড়ীর রাস্তা সিসি দ্বারা উন্নয়ন ।<br>(খ) এনামুল মার্কেটতে বাবুল মিয়ার বাড়ীর রাস্তা সিসি দ্বারা উন্নয়ন ।<br>(গ) হাটাব হালিমের দোকান হতে চান্দার টেক রাস্তা ইটা দ্বারা উন্নয়ন ।<br>(ঘ) কালনী বাজার হতে হিরনাল বাজার রাস্তা ইটা দ্বারা উন্নয়ন । | ১২,০০,০০০.০০<br>১৫,০০,০০০.০০<br>৪,৯৮,৮৪৯.১৩<br>৪,৯৮,৮৪৯.১৩ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি |
| ০৬। | রূপ/নাঃগঞ্জ/ইউ ডিএফ/ডব্লিউ-০৬ | (ক) কলিংগা জামে মসজিদ হতে চামারপাড়া রাস্তা মেরামত ।<br>(খ) রুহিলা সিরাজুলের দোকান হতে নূরুল ইসলামের বাড়ীর রাস্তা সি সি দ্বারা উন্নয়ন ।<br>(গ) কেলদী পাকা রাস্তা হতে হাজী তমিজ উদ্দিন মিয়ার বাড়ীর রাস্তা সিসি দ্বার া উন্নয়ন ।<br>(ঘ) কামতা মনোহরপুর আলফাজ উদ্দিনের বাড়ী হতে বাবুল আজাদ এর বাড়ীর রাস্তা সি সি দ্বারা উন্নয়ন ।<br>(ঙ) কালনী শাহজাহান সরকারের বাড়ী হতে বুরাগ মসজিদ ভায়া মাইনুল এর বাড়ী ও রাস্তা ইটা দ্বারা উন্নয়ন । | ৪,৯৯,৮২২.৩৬<br>৪,৯৯,৯০৫.৩৬<br>২,৯৮,১০৭.৪০<br>৫,৯৯,০২৭.৩২<br>৪,৯৮,৮৪৯.১৩ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি |
| ০৭। | রূপ/নাঃগঞ্জ/ইউ ডিএফ/ডব্লিউ-০৭ | (ক) পূর্বেরগাঁও হতে আবুল বাশার টুকুর বাড়ী রাস্তা মেরামত ।<br>(খ) পূর্বেরগাঁও মেইন রাস্তা হতে ডাঃ মেজবাহ উদ্দিনের রাস্তা মেরামত ।<br>(গ) তালাশকুট নূরুল ইসলামের দোকান হতে মোস্তাজ উদ্দিনের বাড়ীর রাস্তা এইচ বি বি দ্বারা উন্নয়ন । | ১৫,১২,১৪৩.৪৮<br>৭,৭০,২৫৯.৮২<br>৩,০০,০০১.২৭ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি |
| ০৮। | রূপ/নাঃগঞ্জ/ইউ ডিএফ/ডব্লিউ-০৮ | চনপাড়া পুনর্বাসন সেন্টার (ক) ওয়ার্ড-০৬ মাছের মার্কেট জামে মসজিদ হতে নাসির ভান্ডারীর বাড়ীর রাস্তা সিসি দ্বারা উন্নয়ন । (খ) ওয়ার্ড ০৬ সূর্য মিয়া হতে জুম্মন বাড়ীর রাস্তা সি সি দ্বারা উন্নয়ন । (গ) ওয়ার্ড ০৬ জাবেদ বাড়ী হতে পাকা দিলু বাড়ীর রাস্তা সি সি দ্বারা উন্নয়ন । (ঘ) ওয়ার্ড ০৬ টয়লেট কমপ্লেক্স হতে | ৩৫,২৮,২৫৬.৩৭ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আনু দোকান রাস্তা সি সি দ্বারা উন্নয়ন । (ঙ) ওয়ার্ড ০৬ নূর ইসলাম চায়ের দোকান হতে নার্শেদ মিস্ত্রির বাড়ী রাস্তা সিসি দ্বারা উন্নয়ন (চ) ওয়ার্ড ০৫ আদর্শ জন কল্যান হতে আল আমিন মডেল রাস্তা সিসি দ্বারা উন্নয়ন (ছ) ওয়ার্ড ০৬ মসলিম রারী বাড়ী হতে হোসেন বাড়ীর রাস্তা সিসি দ্বারা উন্নয়ন ( জ) ওয়ার্ড ০৬ শাহাজাহান মুন্সি বাড়ী হতে খলিলের বাড়ীর রাস্তা সি সি দ্বারা উন্নয়ন (ঝ) ওয়ার্ড ০৬ কাশেম পান ষ্টোর হতে মোতাহার বাড়ীর রাস্তা সি সি দ্বারা উন্নয়ন । | | |
| ০৯। | রূপ/নাঃগঞ্জ/ইউ ডিএফ/ডব্লিউ-০৯ | (ক) সোনাব তাঁত বোর্ড হতে সামসুল আলম বাড়ী রাস্তা মেরামত এবং সামসুল আলম বাড়ী হতে আনু মিয়া বাড়ী এবং সাইফুল বাড়ীর রাস্তা উন্নয়ন ।<br>(খ) পাড়াগাঁও ঈদগাহ হতে মুইরাব জামে মসজিদ রাস্তা সিসি দ্বারা উন্নয়ন।<br>(গ) পাড়াগাঁও হতে লাবরাপাড়া রাস্তা মেরামত ।<br>(ঘ) আতলাশপুর সঃপ্রাঃবিদ্যালয় হতে হাটাব রাস্তা মেরামত।<br>(ঙ) মর্তুজাবাদ বাটলা হতে টেক বাড়ী রাস্তা মেরামত । | ৯,০০,০০০.০০<br>১৭,০৯,৮৭৯.২৩<br>১০,৯৯,৯৯১.০০<br>১১,০০,০০০.০০<br>১০,৯৯,৯৯৮.০০ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি |
| ১০। | রূপ/নাঃগঞ্জ/ইউ ডিএফ/ডব্লিউ-১০ | (ক)পুরাব ভূইয়া বাড়ী হতে খান বাড়ী রাস্তা সিসি দ্বারা উন্নয়ন ।<br>(খ)গংগানগর মেইন রোড হতে কাদির মাষ্টার বাড়ী রাস্তা সিসি দ্বারা উন্নয়ন ।<br>(গ) মংগলখালী বাড়ী হতে ফরিদ আলী টেক লতিফ মিয়া বাড়ীর রাস্তা সিসি দ্বারা উন্নয়ন ।<br>(ঘ) দড়িকান্দি সালেক ভূইয়া বাড়ী হতে মাহবুব আলী বাড়ীর রাস্তা সি সি দ্বারা উন্নয়ন ।<br>(ঙ) বানিয়াদী জয়নাল বাড়ী হতে হাফেজ শহিদুল্লা বাড়ী রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন । | ৫,০০,০০০.০০<br>৫,০০,০০০.০০<br>৫,০০,০০০.০০<br>৫,০০,০০০.০০<br>১০,০০,০০০.০০ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি |
| ১১। | রূপ/নাঃগঞ্জ/ইউ ডিএফ/ডব্লিউ-১১ | (ক) উপজেলা আরএইচডি হতে ডাঃ আলমগীর বাড়ীর রাস্তা মেরামত এবং সিসি দ্বার উন্নয়ন।<br>(খ) উপজেলা পশু সম্পদ হাসপাতাল হতে ব্রাম্মনগাও রাস্তা সিসি দ্বারা উন্নয়ন।<br>(গ) দড়িকান্দি ঈদগাহ মাঠ পশ্চিম দিকে গাইড ওয়াল নির্মান । | ১২,০০,০০০.০০<br>১৮,০০,০০০.০০<br>৬,০০,০০০.০০ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি |
| ১২। | রূপ/নাঃগঞ্জ/ইউ ডিএফ/ডব্লিউ-১২ | (ক) ঢাকা-সিলেট আরএইচডি রাস্তা হতে গোলাকান্দাইল ০৫ নং ক্যানেল রাস্তা ( গোলাম দস্তগীর গাজী রাস্তা) কার্পেটিং দ্বারা উন্নয়ন ।<br>(খ) হোড়গাঁও বাজার হতে গাবতলী সঃপ্রাঃবিদ্যালয় রাস্তা মেরামত<br>(গ) দড়িকান্দি মাদ্রাসা হতে দড়িকান্দি গামের রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন ( চেইঃ ২২০.০০-৬০০মিঃ) । | ৪০,০০,০০০.০০<br>১৫,০০,০০০.০০<br>১০,০০,০০০.০০ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি |

মোট =৪,২৯,৩৬,৬১১.৩৭

30/07/14

30/7/2014

স্মারক নং-০৫.৪১.৩৭৪.০০০.১৬.০৯.১৩- ৫৯৭/১(১২০) তারিখ: ২৪.১০.২০১৪ খ্রি.।

সদয় জ্ঞাতার্থেঃ-

১। মাননীয় সংসদ সদস্য-২০৪, নারায়ণগঞ্জ-০১।

২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।

৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

৫। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

**অবগতি ও কার্যার্থে ঃ**

১। মেয়র, তারাব পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

২। উপজেলা ........................................................................কর্মকর্তা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

৩। মেয়র, কাঞ্চন পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

৪। চেয়ারম্যান...........................................................ইউপি (সকল), রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

৫। জনাব/বেগম.......................................................................................................।

২৪/১০/২০১৪

উপজেলা নির্বাহী অফিসার

রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।